গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম
www.mfacademy.gov.bd

পত্র নং-৩৩.০৭.০০০০.০০১.০০.০২০.৮৯(অংশ-১)-০১৮ তারিখঃ ২১ মাঘ ১৪৩১ / ০৪ ফেব্রুয়ারি ২০২৫

**৪৫তম ব্যাচে মেরিন ফিশারিজ বিভাগে ক্যাডেট ভর্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল (অপেক্ষমান তালিকা হতে)**

মেরিন ফিশারিজ একাডেমির ৪৫তম ব্যাচে মেরিন ফিশারিজ (ইঞ্জিন) বিভাগে পুরুষ ক্যাডেট ভর্তির জন্য অপেক্ষমান তালিকা হতে নির্বাচিত প্রার্থীদের মেধাক্রমানুসারে তালিকা নিম্নে প্রকাশ করা হলোঃ

| নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর |
|---|
| 1643 1629 1429 1615 1603 1459 1605 = ০৭ জন |

**ভর্তি সংক্রান্ত নির্দেশনা:**

১। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ০৬ ও ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে একাডেমির প্রশাসনিক ভবনে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। ০৬ ও ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ নির্দিষ্ট সময়ের মধ্যে যদি কোন প্রার্থী কোন কারণে ভর্তি হতে ব্যর্থ হয় তবে তার ভর্তির যোগ্যতা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। নির্বাচিত প্রার্থীদের তালিকা হতে ভর্তির পর যদি কোন আসন শূন্য থাকে তবে তা আগামী ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অপেক্ষমান প্রার্থীদের তালিকা হতে মেধাক্রমানুসারে পূরণ করা হবে।

৪। একাডেমিতে ভর্তির সময় অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, অগ্রণী ব্যাংক লিমিটেড, ইছানগর, চট্টগ্রাম বরাবর টাকা ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পে-অর্ডার করতে হবে এবং পে-অর্ডারের মূল কপি একাডেমির ভর্তি কমিটির নিকট ভর্তির দিন জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, ৪৫তম ব্যাচে মেরিন ফিশারিজ বিভাগে ০২ বছরের প্রি-সী ট্রেনিং কোর্সের ব্যয় বিবরণী একাডেমির ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।

৫। **ভর্তির সময় প্রদেয় দলিলাদি।** ভর্তিকৃত ক্যাডেটদেরকে একাডেমিতে যোগদানের পূর্বে নিম্নবর্ণিত মূল সনদ ও দলিলাদি একাডেমি কর্তৃপক্ষের নিকট জমা রাখতে হবে:

ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (জাতীয় পরিচয় পত্র না থাকলে অনলাইন জন্মনিবন্ধনের সত্যায়িত কপি)।

খ) মাধ্যমিক বা 'ও' লেভেল বা সমমানের পরীক্ষা ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের মূল সনদ (মূল সনদ না পাওয়া গেলে সাময়িক সনদ)।

গ) মাধ্যমিক 'এ' লেভেল বা সমমানের পরীক্ষা ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল ট্রান্সস্ক্রিপ্ট/নম্বরপত্র।

ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙিন ছবি।

ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।

চ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রার্থীর বৈবাহিক অবস্থার সনদ।

ছ) পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

জ) যথাযথভাবে পূরণকৃত একাডেমি কর্তৃক প্রদত্ত ইনডেমনিটি বন্ড ও অঙ্গীকারনামা।

৬। একাডেমিতে ভর্তির সময় প্রার্থীদের মূল আবেদন ফরম (Main Application Form) একাডেমি হতে প্রদান করা হবে। এছাড়াও এতদ্বসঙ্গে সংযুক্ত নমুনা অনুযায়ী "ইনডেমনিটি বন্ড (১৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে; নমুনা সংযুক্ত-১) এবং অঙ্গীকারনামা (৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে, নমুনা সংযুক্ত-২) যথাযথভাবে পূরণ করে একাডেমিতে যোগদানের সময় জমা দিতে হবে।

৭। International Maritime Organization (IMO) এর Protocol অনুযায়ী প্রার্থীর সুস্থতা সম্পর্কে ভর্তির সময় হাঁপানী, মৃগী, পাইলসসহ ক্রনিক রোগে আক্রান্ত নয় মর্মে অভিভাবক কর্তৃক ঘোষণাপত্র/প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে (নমুনা সংযুক্ত-৩)। এছাড়াও একাডেমিতে অবস্থানকালীন/অধ্যয়নরত অবস্থায় জরুরি চিকিৎসার ক্ষেত্রে হাসপাতালে চিকিৎসা শুরু করার অনুমতি পত্র (নমুনা সংযুক্ত-৪)।

৮। ভর্তিকৃত প্রতিটি ক্যাডেটের চারিত্রিক বৈশিষ্ট্য ও অতীত কর্মকান্ড সম্পর্কে নিশ্চিত হবার জন্য ১ (এক) মাসের মধ্যে একাডেমি হতে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে। পুলিশ ভেরিফিকেশনের প্রতিবেদনে যদি ভর্তিকৃত ক্যাডেট সম্বন্ধে কোন বিরুপ মন্তব্য পাওয়া যায় তবে তার ভর্তি বাতিল হবে এবং ভর্তি বাতিল হবার সাথে সাথে তার একাডেমির ক্যাডেটশীপ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।

৯। একাডেমির ০২ বছর মেয়াদী প্রি-সী ট্রেনিং সফলভাবে সমাপ্তির পর ও পরবর্তী বিএসসি অনার্স কোর্স শেষে ফিশিং ভেসেল/অন্যান্য সেক্টরে চাকুরী প্রাপ্তির দায়িত্ব প্রার্থীর নিজের। অত্র প্রতিষ্ঠান এ বিষয়ে দায়বদ্ধ নয়। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি মেরিন ফিশারিজ একাডেমির ওয়েব সাইট www.mfacademy.gov.bd হতে সংগ্রহ করতে হবে।

১০। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যের জন্য হেল্প লাইন নম্বর: ০১৫৫৭-৬৩৬৮৫৭ (সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত- সরকারি ছুটির দিন ব্যতীত)।

১১। ভর্তির জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৪/০২/২০২৫
অধ্যক্ষ